দৈনিক বাংলা

তারিখ ... 02 FEB 1994
পৃষ্ঠা ৭ কলাম ১

০৪

# বেসরকারী শিক্ষা ব্যবস্থায় এমপিদের সম্পৃক্ত করা হবে

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির এক সভা সোমবার সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দীন সরকার সভায় সভাপতিত্ব করেন।

সভায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ভবিষ্যতে এ প্রক্রিয়াকে অধিকতর বাস্তবমুখী ও ফলপ্রসূ করার লক্ষ্যে সংসদ সদস্যগণকে এতে সম্পৃক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় প্রাথমিক শিক্ষাক্ষেত্রে গৃহীত উন্নয়ন কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক নিয়োগের বিষয়েও আলোচনা করা হয় এবং সরকারী নীতি অনুমোদন করা হয়।

সভায় কমিটির সদস্য বিএনপির মিসেস খুরশীদ জাহান হক ও মশিউর রহমান, আওয়ামী লীগের অধ্যাপক শফিকুল ইসলাম ও আবদুর রউফ মিয়া এবং জাতীয় পার্টির মনিরুল হক চৌধুরী যোগদান করেন।

শিক্ষা সচিব ইরশাদুল হক, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিবউদ্দীন আহমদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষার মহাপরিচালক অধ্যাপক ইউনুস মিয়া ও প্রাথমিক শিক্ষার মহাপরিচালক অধ্যাপক আবদুস সোবহান উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।